# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 27-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) দ্বিতীয় পর্যায়ে গতকাল রাজ্যের ৫টি লোকসভা আসনে গতকাল ৮১ শতাংশের অধিক ভোটদান । ই ভি এমগুলি ৩৮টি ষ্ট্রং রুমে কড়া নিরাপত্তা ব্যাবস্থা মাধ্যমে রাখার ব্যবস্থা ।

২) রাজ্যের ৪টি লোকসভা আসনের তৃতীয় পর্যায়ে ভোট গ্রহণের পরিপ্রেক্ষিতে রাজনৈতিক দলগুলির ব্যাপক প্রচার অব্যাহত ।

৩) কংগ্রেসের জাতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গের আজ বরপেটায় নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ ।

এবং

৪) শিলচর - লামডিং রেলপথে জাটিঙ্গা-লামপুর ও নিউ হারেঙ্গাজাও ষ্টেশনের মধ্যে একটি মালবাহী ট্রেন লাইনচ্যুত্য হওয়ায় বেশ কয়েকটি ট্রেনের নির্ধারিত যাত্রা বাতিল ।

---------------------------------------------------------------------------

দ্বিতীয় পর্যায়ে গতকাল রাজ্যের ৫টি লোকসভা আসনে গতকাল শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন হয়েছে । সর্বশেষ তথ্য অনুসারে আসামে ৮১ দশমিক ১ - ৭

শতাংশ ভোটদান হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে প্রকাশ করা হয়েছে । এদিকে ভোট গ্রহণ পর্ব শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন হওয়ার পর ই ভি এম গুলি কড়া নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে রাজ্যের ৩৮টি ষ্ট্রং রুমে রাখা হয়েছে । ষ্ট্রং রুমগুলিতে তৃ-স্তরীয় নিরাপত্তা ব্যবস্থা সহ সি-সি ক্যামেরার মাধ্যমে দিবা-রাত্র প্রহরার ব্যবস্থা করা হয়েছে । উল্লেখ্য যে দ্বিতীয় পর্যয়ে আসামের শিলচর , করিমগঞ্জ , দরং-ওদালগুরী , ডিফু এবং নগাও লোকসভা আসনে ৬১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

---

দেশে লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে গতকাল সমাজের সর্বস্তরের লোক প্রচন্ড গরম উপেক্ষা করে ভোটদানে অংশ গ্রহণ করেন । ১৩টি রাজ্য এবং কেন্দ্রীয় শাসিত অঞ্চলের মোট ৮৮টি আসনের জন্য অনুষ্ঠিত গতকালের এই পর্যায়ে প্রায় ৬৮ দশমিক ৪ - ৮ শতাংশ ভোটদান হয় । দ্বিতীয় পর্যায়ে গতকাল ত্রিপুরায় সর্বাধিক ৭৯ দশমিক ৬ - ৬ শতাংশ ভোটদান সম্পন্ন হয়েছে । দ্বিতীয় পর্যায়ে প্রতিদ্বন্দিতা করা প্রথম সারির নেতাদের মধ্যে কংগ্রেসের রাহুল গান্ধী , সি পি আইর এনি রাজা , কেন্দ্রীয় মন্ত্রী রাজীব চন্দ্র শেখর , কংগ্রেস নেতা শশী থারুর , বি জে পির তেজস্বী সূর্য , হেমামালিনী , অরুণ গোভিল , ওম বিরলা , কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী জে ডি এস এর ডি কুমারস্বামী , বি জে পির দিলীপ শইকীয়া , পরিমল শুল্কবৈদ্য এবং কংগ্রেসের প্রদ্যুৎ বরদোলৈ প্রমুখ রয়েছেন । এই পর্যয়ে মোট ১ হাজার ২শো ২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য গতকাল ই ভি এম বন্দি হয়েছে । দ্বিতীয় পর্যায়ে গতকাল বরাক উপত্যকার শিলচর ও করিমগঞ্জ দুটি লোকসভা আসনের জন্যও শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ পর্ব সম্পন্ন হয়েছে । শিলচর লোকসভা আসনের অধীন ৭টি বিধানসভা কেন্দ্রে গতকাল যথাক্রমে লক্ষীপুর বিধানসভা কেন্দ্রে ৭৫ দশমিক ৯-৭ , শিলচর বিধানসভা কেন্দ্রে ৭৭

২৭ - ৪ - ২০২৪
৭টা - ৪৫ মিনিট ।

---

দশমিক ৩ - ১ , উধারবন্দ বিধানসভা কেন্দ্রে ৭৭ দশমিক ৫ - ৩ , কাটিগড়া আসনে ৮২ দশমিক ৫ - ০ , সোনাই বিধানসভা আসনে ৭৭ ৯ - ২ , বরখলা বিধানসভা কেন্দ্রে ৭৮ শতাংশ , এবং ধলাই বিধানসভা কেন্দ্রে ৮০ দশমিক ৬ - ৩ শতাংশ ভোট পড়েছে । ভোট গ্রহণ কেন্দ্রের কর্মীরা সবকটি ভোট গ্রহণ কেন্দ্রের ই ভি এম গতকাল সন্ধ্যা থেকে শুরু করে আজ ভোর পর্যন্ত শিলচর আই এস টি টির ষ্ট্রং রুমে জমা করেছেন ।

করিমগঞ্জ লোকসভা আসনেও গতকাল সকাল থেকে সন্ধ্যা ৫টা পর্যন্ত শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ সম্পন্ন করা হয়েছে । এই লোকসভা আসনের অধীন হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রে ৭২ দশমিক ৪ - ৫ শতাংশ এবং আলগাপুর কাটলিছড়া বিধানসভা কেন্দ্রে ৭৫ দশমিক ৪ - ২ শতাংশ ভোট পড়েছে বলে জানানো হয়েছে । গতকাল রাতে হাইলাকান্দি শহরের গর্ভমেন্ট ভিক্টোরিয়া মেমোরিয়াল হায়ার সেকেন্ডারী স্কুলের ষ্ট্রং রুমে ই ভি এমগুলি জমা রাখা হয়েছে । ভোটকর্মীরা ই ভি এমগুলি নিয়ে রাতে সেখানে পৌছানোর পর জেলা প্রশাসনের পক্ষ থেকে তাদের স্বাগত জানানো হয় । জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে ভোটকর্মীদের সঙ্গে দেখা করে তাদের খোজ খবর নেন এবং তাদের চকলেট দিয়ে শুভেচ্ছা জানান ।

---

রাজ্যের ৪ টি আসনে তৃতীয় পর্যায়ে অনুষ্ঠেয় নির্বাচনের জন্য ব্যাপক প্রচার অব্যাহত রয়েছে । দ্বিতীয় পর্যায়ের নির্বাচনে বিজেপি আসামের ৫টি আসনের ৪টিতে জয়লাভ করবে বলে আজ বরপেটা জেলার সর্থেবারীতে এক নির্বাচনী প্রচার সভায় মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেন । তৃতীয় পর্যায়ের নির্বাচনের জন্য বরপেটা লোকসভা কেন্দ্রের অধীন সর্থেবারীতে প্রচার চালিয়ে ড.শর্মা নির্বাচনে জয়লাভ করলে বিজেপি সরকার উন্নয়নমূলক প্রকল্পগুলির কাজ সুষ্ঠুভাবে চালিয়ে যাবে বলে দাবী করেন । সভায় অসম গণ পরিষদ দলের প্রবীণ নেতা তথা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী কেশব মহন্ত উপস্থিত ছিলেন ।

মূখ্যমন্ত্রী ড.শর্মা বাক্সা জেলার মানাহ বিধানসভা কেন্দ্রের বারেমাওয়ারীতেও এক নির্বাচনী প্রচার সভায় অংশ নিয়ে বিজেপি মিত্রজোটের প্রার্থী জয়ন্ত বসুমাতারীর

হয়ে নির্বাচনী প্রচার চালান ।কোকরাঝার লোকসবা আসনের প্রার্থী শ্রী বসুমাতারীর সমর্থনে নির্বাচনী প্রচার চালিয়ে মূখ্যমন্ত্রী ড.শর্মা বিরোধী কংগ্রেস ও বি পি এফ দলএর তীব্র সমালোচনা করেন । উল্লেখ্য তৃতীয় পর্যায়ের নির্বাচনের প্রচারের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা বিজেপির প্রবীণ নেতা অমিত শাহ্ আগামী সোমবার নির্বাচনী প্রচারের জন্য আসামে আসবেন ।

-----------------------------------------------------------------------------------------------

কংগ্রেস দলের জাতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গে আজ গৌহাটিতে এক সাংবিদিক সম্মেলনে বলেছেন যে কংগ্রেস দেশের গণতন্ত্র এবং সংবিধান রক্ষার জন্য লড়াই করছে । সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি বলেন যে কংগ্রেস জনসাধারণকে ৫টি ন্যায় এবং ২৫টি নিশ্চয়তা প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে । শ্রী মল্লিকার্জুন কংগ্রেস দল এই প্রতিশ্রুতি পূরণ করবে বলে দাবী করে প্রধানমন্ত্রীর সমালোচনা করে বলেন যে গত ১০ বছরে প্রতিশ্রুতি রক্ষায় নরেন্দ্র মোদী সরকার ব্যার্থ হয়েছে । তিনি বলেন যে কংগ্রেস মুদ্রাস্ফিতী নিয়ন্ত্রণ , বেকার সমস্যা সমাধান এবং সার্বিক উন্নয়নের জন্য সংগ্রাম করছে । শ্রী খার্গে বি জে পি নেতৃত্বাধীন সরকার এইসব সমস্যা সমাধানে ব্যার্থ হয়ে মেরুকরণের রাজনীতি করছে বলে অভিযোগ করেন । শ্রী খার্গে বি জে পি সরকার প্রতিশ্রুতি অনুসারে বছরে দু-কোটি বেকারকে চাকুরী প্রদানে ব্যার্থ হওয়ায় এর তীব্র সমালোচনা করেন । তিনি বলেন যে কৃষকের উ[পার্জন দ্বিগুণ করতে ব্যার্থ হয়ে বি জে পি কৃষি এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় উৎপাদনে জি এস টি-র বোঝা চাপিয়ে দিয়েছে ।

এদিকে , শ্রী খার্গে আজ বরপেটা জেলার কৈয়াকুচিতে কংগ্রেসের বরপেটা এবং কোকরাঝার লোকসভা আসনের প্রার্থী দ্বীপ বায়ন ও গর্জন মুশাহারীর সমর্থনে একটি নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহণ করেন । সভায় তিনি দল ক্ষমতায় আসলে মহিলাদের ১ লক্ষ টাকার আর্থিক সহায়তা প্রদান করা সহ কেন্দ্রীয় সরকারের চাকরিতে ৫০ শতাংশ সংরক্ষণের প্রতিশ্রুতি দেন । এ ছাড়াও , যুবক-যুবতীদের ১ লক্ষ টাকার শিক্ষাবৃত্তি প্রদান করার ও প্রতিশ্রুতি প্রদান করেন ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা বি জে পির প্রবীন নেতা অমিত শাহ নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করতে আগামী সোমবার গৌহাটি আসছেন । এই প্রচার কর্যের অংশ হিসেবে শ্রী শাহ গৌহাটির সাইকেল ফেক্টরী থেকে লাল গণেশ পর্যন্ত একটি রোড-শোতে অংশ নেবেন । অখিল ভারত কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধীরও নির্বাচনী প্রচারে অংশ করতে আসামে আসার সম্ভাবনা রয়েছে ।

-----------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচন ঘোষণা হওয়ার পর থেকে আসামে মোট ১শো ৪১টি নির্বচনী আচরণ বিধি লঙ্ঘন হওয়ার ঘটনা নজরে এসেছে । রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যলয়ের তথ্য অনুসারে গত বৃহস্পতিবার পর্যন্ত ১শো ৪১টি অভিযোগ দায়ের করা হয়েছে । এরমধ্যে ১শো ৩৬টি ঘটনা ইতিমধ্যেই নিস্পত্তি করা হয়েছে এবং ৫টি অভিযোগ বিবেচনাধীন রয়েছে । নির্বাচনী ব্যায় পর্যবেক্ষণ প্রক্রিয়ার অংশ হিসেবে গত বৃহস্পতিবার পর্যন্ত রাজ্যের বিভিন্ন প্রান্তে ১শো ৭৫ কোটির অধিক টাকা মূল্যের সামগ্রী তথা নগদ অর্থ বাজেয়াপ্ত করা হয়েছে । রাজ্যে এ পর্যন্ত ১শো ৫ কোটি ৫০ লক্ষ টাকা মূল্যের মাদক দ্রব্য এবং ২৮ কোটি ১০ লক্ষ টাকার মূল্যবান ধাতু জব্দ করা হয়েছে বলেও কার্যালয় সূত্রে প্রকাশ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের আওতাধীন জাটিংগা - লামপুর ও নিউ হারাংগাজাও রেল ষ্টেশনের মধ্যে একটি মালবাহী রেলগাড়ীর ইঞ্জিন রেলপথ থেকে লাইনচ্যুত হোয়ার পরিপ্রেক্ষিতে যে রেল চলাচল বন্ধ ছিল তা গতকাল থেকে পুনরায় শুরু হয়েছে এবং রেলগাড়ী চলাচলের ক্ষেত্রে সময়সুচীর পরিবর্তন হয়েছে । এরমধ্যে কয়েকটি রেলগাড়ীর যাত্রা বাতিল এবং কয়েকটি আংশিকভাবে বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলেও উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে জানানো হয়েছে । সে অনুসারে আজকের শিয়ালদহ-আগরতলা কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস , শিলচর-রঙ্গিয়া এক্সপ্রেস ,শিলচর-নিউ তিনসুকিয়া এক্সপ্রেস ,গৌহাটী-দুর্লভছড়া এক্সপ্রেস ,আগামীকালের এল টি টি আগরতলা এক্সপ্রেস , শিলচর-রঙ্গিয়া এক্সপ্রেস , নিউ তিনসুকিয়া-শিলচর ,দুর্লভছড়া-গৌহাটী এক্সপ্রেস

,গৌহাটী-শিলচর এক্সপ্রেস ,শিলচর-গৌহাটী এক্সপ্রেস এবং আগামী সোমবারের ফিরোজপুর-আগরতলা এক্সপ্রেস ট্রেনের নির্ধারিত যাত্রা বাতিল করা হয়েছে ।

এছাড়া হামসফর এক্সপ্রেস ,রঙ্গিয়া-শিলচর এক্সপ্রেস ,আগরতলা-ফিরোজপুর এক্সপ্রেস, আগরতলা-শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ,আগরতলা এল টি টি এক্সপ্রেস ট্রেনগুলির যাত্রাপথ সীমিত করার জন্য ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে ।

এদিকে গতকাল যাত্রা করা কোলকাতা -শিলচর বিশেষ ট্রেনটি ৯ ঘন্টা দেরীতে চলছে বলেও উত্তর-পূর্ব রেলের মূখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------

মণিপুরে গতকাল সি আর পি এফের দুজন জওয়ানকে সন্দেহভাজন সশস্ত্র দুষ্কৃতকারী গুলি করে হত্যা করেছে । পুলিশ সূত্রে জানানো হয়েছে যে রাজ্যের বিষ্ণুপুর জেলার মৈরাং পুলিশ থানার অধীন নরনসেইনা গ্রামে ভোর সাড়ে চারটায় সংঘটিত এই ঘটনায় একজন উপ-পরিদর্শক ও মূখ্য কনস্টেবল নিহত হন এবং আরও দুজন জওয়ান আহত হন । উল্লেখ্য সি আর পি এফের ১২৮ নম্বর ব্যাটেলিয়নের বি কোম্পানীর জওয়ানদের নিকটবর্তী মেইতেই গ্রামগুলির সুরক্ষার জন্য মোতায়েন করা হয়েছিলো । এই ঘটনা সম্পর্কে অনুসন্ধান চালানোর উদ্দেশ্যে অতিরিক্ত সুরক্ষা বাহিনী মোতায়েন করা হয়েছে এবং এসম্পর্কে একটি মামলা রুজু করা হয়েছে ।

---------------------------------------------------------------------------